**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 03-04-2026** **Desk in Charge : S.D.G.**

**Time : - 7-35 AM** **Edit. : Nitish M./ Susmita S.**

**DEO : - KB** **Compile.& NRT : Susmita S.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) মালদার কালিয়াচকে বিচার বিভাগীয় আধিকারিকদের ঘেরাও ও হেনস্থার ঘটনায় NIA-কে দিয়ে তদন্ত করানোর নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। #তদন্তকারী দল আজই কলকাতায় আসছে।

২) বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার আজ দ্বিতীয় দিন।

# প্রথম দিনে গতকাল প্রার্থীপদ দাখিল করেছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বেশ কিছু হেভিওয়েট নেতা।

৩/ রাজ্য সরকার, সচিব পর্যায়ে একাধিক রদবদল করেছে।

৪/ দমদম জংশন স্টেশনে নন-ইন্টারলকিং কাজের জন্য, আগামীকাল ও রবিবার শিয়ালদা ডিভিশনের বেশ কিছু লোকাল ট্রেন বাতিল করা হয়েছে।

৫/ IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স, সানরাইজার্স হায়দ্রাবাদের কাছে ৬৫ রানে পরাজিত হয়েছে।

****************************************************************************

মালদহের কালিয়াচকে বিচার বিভাগীয় আধিকারিকদের ঘেরাওয়ের ঘটনায় এনআইএকে তদন্তের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে জাতীয় তদন্ত সংস্থা (এনআইএ)-কে এই ঘটনার তদন্তভার দেওয়ার জন্য গতকাল আনুষ্ঠানিকভাবে চিঠি পাঠানো হয়েছে।

নির্বাচন কমিশনের তরফে পাঠানো চিঠিতে জানানো হয়েছে, সুপ্রিম কোর্টের গতকালের নির্দেশ অনুযায়ী এই ঘটনায় নিরপেক্ষ তদন্ত জরুরি। সেই নির্দেশের প্রেক্ষিতে এনআইএ-কে তদন্ত শুরু করার অনুরোধ করেছে নির্বাচন কমিশন। আগামী ৬ই এপ্রিল পরবর্তী শুনানির দিন তদন্তের একটি প্রাথমিক রিপোর্ট শীর্ষ আদালতে জমা দিতে বলা হয়েছে। এই ঘটনার তদন্তের জন্য এনআইএর একটি দল আজই কলকাতায় আসছে।

*****************************

মালদার কালিয়াচকে বিচার বিভাগীয় আধিকারিকদের ঘেরাও-এর ঘটনায় রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। এই বিষয়ে গতকাল এক ভার্চুয়াল জরুরি বৈঠকে রাজ্যের শীর্ষ প্রশাসনিক ও পুলিশ কর্তাদের তিনি কড়া বার্তা দেন বলে কমিশন সূত্রের খবর। মুখ্যসচিব, ডিজিপি, মুখ্য নির্বাচনী আধিকারিক, কলকাতা পুলিশের কমিশনার-সহ সব জেলাশাসক ও পুলিশ সুপারদের নিয়ে দীর্ঘ সময় ধরে চলা এই বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার স্পষ্ট জানিয়ে দেন যে, মালদার ঘটনার পুনরাবৃত্তি হলে সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, শুধুমাত্র বদলি কোনো শাস্তি নয়।

মালদার জেলাশাসক ও পুলিশ সুপারের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। কয়েক ঘণ্টা ধরে অশান্তি চললেও কেন কোনও সিনিয়র আধিকারিক ঘটনাস্থলে ছিলেন না, তা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন এবং আগে থেকে কেন প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হয়নি তা নিয়ে ডিজিপিকে তিনি প্রশ্ন করেন।

ইতিমধ্যে পুর ও নগরোন্নয়ন দপ্তরের প্রধান সচিব মহম্মদ গুলাম আলি আনসারিকে মালদা ডিভিশনের কমিশনার করে পাঠানো হয়েছে।

নিরাপত্তা নিয়েও কড়া অবস্থান নেয় কমিশন। নির্দেশ দেওয়া হয়েছে, প্রকৃত প্রয়োজন ছাড়া কাউকে নিরাপত্তা দেওয়া হবে না। যেসব নেতার বিরুদ্ধে জামিন অযোগ্য পরোয়ানা রয়েছে, তাঁদের নিরাপত্তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে। একইসঙ্গে বিচার বিভাগীয় আধিকারিকদের নিরাপত্তা জোরদার করার নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে তাঁদের এবং তাঁদের পরিবারের জন্য অতিরিক্ত নিরাপত্তা বা নিরাপদ আশ্রয়ের ব্যবস্থাও করতে হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

*****************************

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, গতকাল সকালে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্তকে বিস্তারিত জানান। ওই ঘটনা সুপরিকল্পিত বলেও উল্লেখ করেন প্রধান বিচারপতি সূর্যকান্ত দুই বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিপুল এম পাঞ্চোলি।

ওই ঘটনায় ISF প্রার্থী শাহজাহান আলি কাদ্রি-সহ মোট ১৮ জনকে গ্রেফতার করে আদালতে পেশ করা হলে তাদের ১০ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। তবে, ISF প্রার্থী শাহজাহান আলি কাদরী দাবি করেছেন, তাঁকে চক্রান্ত করে ফাঁসানো হয়েছে। ঘটনার দিন তিনি সেখানে ছিলেন না, অন্য একটি গ্রামে ছিলেন।

মোথাবাড়ি ঘটনায় সংশ্লিষ্ট থানায় চারটি মামলা রুজু হয়ছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। এদিকে, মোথাবাড়ি ও কালিয়াচক এলাকায় পরিস্থিতি এখনও থমথমে। অবস্থা নিয়ন্ত্রণে রাখতে মোতায়েন রয়েছে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। প্রশাসনের পক্ষ থেকে শান্তি বজায় রাখার আবেদনও জানানো হয়েছে।

শীর্ষ আদালত, জুডিশিয়াল অফিসারদের নিরাপত্তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়ার পাশাপাশি ট্রাইবুনালে আবেদন দাখিল বা শুনানির সময়ে, দু-তিনজনের বেশী লোককে সংশ্লিষ্ট দপ্তরে প্রবেশ করতে দেওয়া যাবেনা বলে নির্দেশ দিয়েছে। পাঁচ জনের বেশী মানুষের জড়ো হওয়ার ওপরেও জারি করা হয়েছে নিষেধাজ্ঞা। সবক'টি রাজনৈতিক দলের নেতা-নেত্রীদের, এই ঘটনার নিন্দা করা উচিত এবং মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, পুলিশের ডিজি এবং মালদার পুলিশ সুপারের ভূমিকা এক্ষেত্রে

অত্যন্ত হতাশাজনক বলেও শীর্ষ আদালত অভিমত ব্যক্ত করেছে। কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি এবং হাইকোর্টের রেজিস্ট্রারকে বারবার জানানো সত্ত্বেও কেন কোনো ব্যবস্থা নেওয়া হয়নি, তার ব্যাখ্যাও দিতে বলেছে প্রধান বিচারপতির বেঞ্চ।

মামলার পরবর্তী শুনানি সোমবার ৬'ই এপ্রিল বিকেল চারটেয়। ঐদিনই মুখ্যসচিব, ডিজিপি, জেলা ম্যাজিস্ট্রেট এবং পুলিশ সুপারকে ভার্চুয়ালি উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

*****************************

বিজেপি, মালদার ঘটনার তীব্র নিন্দা করেছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মালদায় জুডিশিয়াল অফিসারদের ঘেরাও করে রাখার তীব্র নিন্দা করেছেন। এক ভিডিও বার্তায় তিনি বলেন, এই ঘটনা অত্যন্ত চিন্তাজনক। মুখ্যমন্ত্রী এবং তার দলের সদস্যরা এতদিন এসআইআর প্রক্রিয়া নিয়ে যে উস্কানিমূলক মন্তব্য করেছেন, এই ঘটনা তারই প্রতিফলন।

এদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও মালদায় বিচারকদের আটকে রাখার ঘটনার নিন্দা করেছেন। মালদহের বৈষ্ণবনগরে গতকাল এক জনসভায় মমতা বললেন, কংগ্রেসীদের অত্যাচারে এই গণ্ডগোল হয়েছে। তিনি বলেন, মানুষের ক্ষোভ আছে, তাঁর ও ক্ষোভ আছে,। সেই কারণেই সুপ্রিম কোর্টে গিয়ে লড়াই করা হয়েছে। কিন্তু বিচারকদের আটকে রাখার কী দরকার ছিল সেই প্রশ্ন তোলেন তিনি ।

( বাইট- মমতা )

*****************************

রাজ্য বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফার ভোটের জন্য মনোনয়ন পেশের আজ দ্বিতীয় দিন। রাজ্যের ১৪২টি আসনে আগামী ২৯-শে এপ্রিল ভোটগ্রহণের জন্য গতকাল বিজ্ঞপ্তি জারির মধ্য দিয়ে মনোনয়ন পত্র দাখিলের কাজ শুরু হয়েছে। ৯-ই এপ্রিল পর্যন্ত মনোনয়ন পেশ করা যাবে। পরদিন ১০-ই এপ্রিল সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল।

এদিকে একইসঙ্গে প্রথম দফায় ২৩-শে এপ্রিলের ভোটগ্রহণের জন্যও মনোনয়নপত্র দাখিলের কাজ চলেছে। সোমবার ৬-ই এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরের দিন সেগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৯ ই এপ্রিল।

দু'দফারই ভোট গণনা চৌঠা মে।

******************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে ভবানীপুর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী গতকাল মনোনয়ন জমা দেন। আগেই জানানো হয়েছে, ভবানীপুর ছাড়াও রাসবিহারী, বালিগঞ্জ ও চৌরঙ্গী বিধানসভার বিজেপি প্রার্থীদের মনোনয়ন কর্মসূচিতে অংশ নেন প্রবীণ বিজেপি নেতা অমিত শাহ। একদিনের কলকাতা সফরে জনসভায় ভাসন দিতে গিয়ে বাংলায় পরিবর্তন আনার ডাক দিয়ে তিনি বলেন এই রাজ্য রাজ্যের ভোটারদের। তিনি সবাইকে ভয়মুক্ত হয়ে ভতে দেওওার আহ্বান জানান।

এদিকে, সল্টলেকে গতকাল নতুন এক দলীয় কার্যালয় উদ্বোধন করে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, তৃণমূল কংগ্রেস ও সন্ত্রাস- দুইই সমার্থক। তাদের দলীয় কর্মীরা সন্ত্রাসের আশ্রয় নেবে এটাই স্বাভাবিক।

( বাইট- শমীক )

শমীক বাবু আরও বলেন, মনোনয়ন পত্র জমা দেবার সময় ভবানীপুরে মানুষের স্বতস্ফূর্ত সাড়া বুঝিয়ে দিয়েছে, নন্দীগ্রাম ও ভবানীপুর দুই কেন্দ্রেই বিজেপি প্রার্থী জয়ী হবেন।

******************************

মুর্শিদাবাদের বহরমপুরে জেলাশাসকের দপ্তরে গতকাল মনোনয়ন জমা দেন বহরমপুর বিধানসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরী।

অন্যদিকে জেলার নওদা ও রেজিনগরের আম জনতা উন্নয়ন পার্টি-এজেইউপি প্রার্থী হুমায়ুন কবীর গতকাল দুটি কেন্দ্রেরই মনোনয়ন পত্র জমা করেন। তৃণমূল কংগ্রেসের প্রাক্তন মন্ত্রী হুমায়ুন কবীর, ডোমকলের প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র জমা দেন।

শিলিগুড়িতে গতকাল বিজেপি প্রার্থী শঙ্কর ঘোষ মনোনয়ন পত্র জমা দেন।

*****************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে বামফ্রন্ট, গতকাল ষষ্ঠ দফায় আরও দুজন প্রার্থীর নাম ঘোষণা করেছে। দুটি আসনেই সিপিআইএম প্রতিদ্বন্দ্বিতা করবে। কালিম্পং এ রিতা থাপা, এবং লাভপুরে মনসা Hansda প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে ফ্রন্টের তরফে জানানো হয়।

*****************************

সচিব পর্যায়ে একাধিক রদবদল করল রাজ্য সরকার। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে গতকাল এই সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ করা হয়। নতুন নির্দেশিকা অনুযায়ী, অবনীন্দ্রনাথ সিংকে শ্রম দপ্তর থেকে পাঠানো হয়েছে শুধুমাত্র বর্ধমানের ডিভিশনাল কমিশনারের দায়িত্ব দেওয়া হল। জনস্বাস্থ্য ও কারিগরী দপ্তরের সচিব সুরেন্দ্র গুপ্তকে প্রেসিডেন্সি ডিভিশনের ডিভিশনাল কমিশনার করা হল। অনুপ কুমারকেও কারিগরি শিক্ষা দপ্তর থেকে নিয়ে যাওয়া হয়েছে, জলপাইগুড়ি ডিভিশনের ডিভিশনাল কমিশনারের দায়িত্বে। শ্রম দপ্তরের সচিব হিসাবে অতিরিক্ত দায়িত্ব পেলেন পরিবহন দপ্তরের সচিব সৌমিত্র মোহন।

*****************************

দমদম জংশন স্টেশনে নন-ইন্টারলকিং কাজের জন্য, আগামীকাল রাত ১১'টা ৫০ মিনিট থেকে আগামী রবিবার ভোর ৪টে ২০ মিনিট পর্যন্ত ট্রাফিক ব্লকের কাজ চলবে।

এজন্য আগামীকাল ও রবিবার, শিয়ালদা থেকে ডানকুনি, রাণাঘাট, নৈহাটি, বনগাঁ ও কৃষ্ণনগরের মধ্যে বেশ কিছু আপ ও ডাউন লোকাল ট্রেন বাতিল থাকবে।

বেশ কিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত করা হবে।

*****************************

উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে যে, সংশ্লিষ্ট পরীক্ষায় সেমিস্টার পদ্ধতি বাতিল করা হবে বলে সামাজিক মাধ্যমে যে খবর ছড়ানো হচ্ছে তা সম্পূর্ণ অসত্য।

সংসদের সভাপতি পার্থ কর্মকার গতকাল ওই বিবৃতিতে জানান, ২০২৭ এর উচ্চমাধ্যমিকে সেমিস্টার পদ্ধতি বাতিলের পাশাপাশি আগামী বছরের পরীক্ষা পুরনো সিলেবাসে হবে- এই মর্মে সামাজিক মাধ্যমে ভুয়ো খবর প্রচার করা হচ্ছে। এরসঙ্গে সংসদের কোনরকম সম্পর্ক নেই।

*****************************

ইডেনে গতকাল আইপিএল-এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, সানরাইজার্স হায়দ্রাবাদের কাছে ৬৫ রানে পরাজিত হয়েছে। কলকাতা টসে জিতে হায়দ্রাবাদকে ব্যাট করতে পাঠায়। হায়দ্রাবাদ ২০ ওভারে ৮ উইকেটে ২২৬ রান তোলে।

জবাবে ব্যাট করতে নেমে কেকেআর ১৬ ওভারে ১৬১ রানে অলআউট হয়ে যায়। অংক্রিশ রঘুবংশী ৫২, রিংকু সিং ৩৫ রান করেন। হায়দ্রাবাদের হয়ে জয়দেব উনাদকাত তিনটি উইকেট নিয়েছেন। ৩৯ রান করে ও দুই উইকেট নিয়ে সানরাইজার্সের নীতিশ কুমার রেড্ডি ম্যাচের সেরা হয়েছেন। এই নিয়ে পরপর ২ ম্যাচ হারল নাইট রাইডার্স। আগামী সোমবার ইডেনে পরবর্তী ম্যাচ পাঞ্জাব কিংস-এর বিরুদ্ধে খেলবে।

*****************************

সূর্যের তাপ এবং বাতাসে আদ্রতার পরিমাণ বেশি থাকায় রাজ্যের বহু জেলায় গতকালের পর আজ'ও সারাদিন গরম ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে।

তাপমাত্রা কোথাও কোথাও ৩ থেকে ৫ ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।

তবে, স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে কোথাও কোথাও হালকা বৃষ্টির সম্ভাবনা।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়, ২৬ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা এক ডিগ্রির বেশী। সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

*********************************************************************